

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ আব্দুল্লাহ বিন আমর ছাড়া অন্য ব্যক্তিকে প্রথমে কুর'আন পাঠের ব্যাপারে যা নির্দেশ দেওয়া হয়েছে

ذَكَرُ مَا أَمَرَ غَيْرُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو بِقِرَاءَتِهِ ابْتِدَاءً

আরবী

770 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو هَمَامٍ الْوَلِيدُ بْنُ شُجَاعٍ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ عِيَّاشٍ بْنُ عَبَّاسٍ وَحَدَّثَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ سَعِيدِ بْنِ أَبِي هَلَالٍ أَنَّ عِيَّاشَ بْنَ عَبَّاسٍ حَدَّثَهُمْ عَنْ عِيسَى ابْنِ هَلَالٍ الصَّدْفِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو: أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَقْرِنِي الْقُرْآنَ قَالَ: (اقرأ ثلاثاً من نوات {الر} {يونس: 1}) قَالَ الرَّجُلُ: كَبُرَ سِنِّي وَثَقُلَ لِسَانِي وَغَلُظَ قَلْبِي قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اقرأ ثلاثاً من نوات {حم} {غافر: 1}) فَقَالَ الرَّجُلُ مِثْلَ ذَلِكَ وَلَكِنْ أَقْرِنِي يَا رَسُولَ اللَّهِ سُورَةَ جَامِعَةٍ فَأَقْرَأَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ {إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ} [الزلزلة: 1] حَتَّى بَلَغَ: {مَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ} * وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ [الزلزلة: 7 - 8] قَالَ الرَّجُلُ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أَبَالِي أَنْ لَا أَزِيدَ عَلَيْهَا حَتَّى أَلْقَى اللَّهَ وَلَكِنْ أَخْبَرَنِي بِمَا عَلَيَّ مِنَ الْعَمَلِ أَعْمَلُ مَا أَطَقْتُ الْعَمَلَ قَالَ: (الصَّلَوَاتُ الْخُمْسُ وَصِيَامُ رَمَضَانَ وَحُجُّ الْبَيْتِ وَأَدِّ زَكَاةَ مَالِكَ وَمُرْ بِالْمَعْرُوفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ)

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 770 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৭৭০. আব্দুল্লাহ বিন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে কুর‘আন শিক্ষা দিন।” জবাবে তিনি বলেন, “আপনি ۱۱ যুক্ত তিনটি সূরা শিক্ষা করুন।” লোকটি বললেন, “আমার বয়স বেড়ে গেছে, জবান ভারি হয়ে গেছে ও অন্তর কঠিন হয়ে পড়েছে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আপনি ۱۲ যুক্ত তিনটি সূরা শিক্ষা করুন।” লোকটি জবাবে আগের মতো অনুরূপ কথাই বললো। এবং বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে ব্যাপক অর্থবোধক কোন সূরা শিক্ষা দিন।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে শিক্ষা দিলেন, “যখন জমিন প্রবলভাবে প্রকম্পিত হবে।” (সূরা যিলযাল: ১।) এভাবে তিনি এই আয়াত পর্যন্ত পড়েন “যে ব্যক্তি অনু পরিমাণ ভাল কাজ করবে, সে তা দেখতে পাবে আর যে ব্যক্তি অনু পরিমাণ মন্দ কাজ করবে, সে-ও তা দেখতে পাবে।” (সূরা যিলযাল: ৭-৮।)

লোকটি বললেন, “ঐ সত্তার কসম, যিনি আপনাকে হুকুম পাঠিয়েছেন, মৃত্যু অবধি আমি এর চেয়ে বেশি পাঠ না করার ব্যাপারে মোটেও পরোয়া করবো না। আপনি বরং আমাকে জানান, আমার উপর কোন আমল করা আবশ্যিক, আমি সাধ্য অনুসারে আমল করবো।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “পাঁচ ওয়াস্ত সালাত, রমযানের সিয়াম, বায়তুল্লাহর হজ্জ (আদায় করবেন), আপনার সম্পদের যাকাত আদায় করবেন, সৎকাজের আদেশ করবেন এবং মন্দ কাজে নিষেধ করবেন।” [১]

ফুটনোট

[১] ইবনু হিব্বান: ৭৭০।

আল্লামা শুআইব আল আরনাউত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবু দাউদ: ২৪৭।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89273>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন